

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়



বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd: email:info@banbeis.gov.bd

DRIS
2023

৮ অগ্রহায়ণ ১৪৩০

স্মারকনং ৩৭.২০.০০০০.০০৪.০৩৩.০২০.২০২৩ (পার্ট-৫)-১০৩৩


তারিখ : ২৩ নভেম্বর ২০২৩

**বিষয়ঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির আওতায় গবেষণা প্রস্তাব
রিভিউকরণের নিমিত্ত বিশেষজ্ঞ শিক্ষক/ গবেষকগণের নাম রিভিউয়ার প্যানেলে অন্তর্ভুক্তকরণ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে ২০২৩-২৪ অর্থ বছরে শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির আওতায় অর্থায়নের নিমিত্তে গবেষকগণের নিকট হতে প্রাপ্ত CP (Complete Proposal) অনলাইনে রিভিউ করার পরিকল্পনা গ্রহন করা হয়েছে। এ ধারাবাহিকতায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের টেলিফোন নির্দেশিকা অনুসরণপূর্বক অধিক্ষেত্র অনুযায়ী অধ্যাপক/ বিশেষজ্ঞ ব্যক্তিবর্গ/ রিভিউয়ারগণের খসড়া প্রোফাইল সম্বলিত ডাটাবেইজ প্রণয়ন করা হয়েছে। কোন বিশেষজ্ঞ শিক্ষকের নাম রিভিউয়ার ডাটাবেইজ থেকে বাদ পড়ে থাকলে তিনি নিজ থেকে রিভিউয়ার প্যানেলে অন্তর্ভুক্ত সুযোগ সৃষ্টি করা হয়েছে। এছাড়া প্যানেলভুক্ত শিক্ষকগণ নিজ নিজ প্রোফাইল দেখে তা হালনাগাদকরণ প্রয়োজন হলে তা হালনাগাদ করতে পারবেন।

২। উল্লেখ্য যে বিশেষজ্ঞ শিক্ষক/ গবেষকগণ <http://202.72.235.210/gare/ReviewerSignUp/index> এ লগইন করে রিভিউয়ার প্যানেলে অন্তর্ভুক্তির সুযোগ এবং প্যানেলভুক্ত শিক্ষকগণ নিজ নিজ প্রোফাইল দেখে তা হালনাগাদকরণ করতে পারবেন।

৩। উল্লিখিত বিষয়সমূহ আপনার প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউট এ কর্মরত সম্মানিত শিক্ষক/ গবেষকগণকে অবহিত করা এবং এতদসংক্রান্ত বিষয় স্ব স্ব প্রতিষ্ঠানের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(কাজী ইলিয়াস উদ্দিন আহম্মেদ)
চিফ, ডিএলপি বিভাগ
মোবাঃ ০১৭১৪৪৯৭১১৩
ব্যানবেইস।

রেজিস্টার

..... বিশ্ববিদ্যালয়

.....

অনুলিপিঃ

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সভাপতি, বাছাই ও মনিটরিং কমিটি, শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচি।

৩। অফিস কপি।